দৈনিক ইনকিলাব

তারিখ 07 JAN 2006

পৃষ্ঠা ৩ কলাম ৪

# ইউনেস্কো শান্তি পুরস্কারের জন্য আবেদন আহ্বান

প্রেস বিজ্ঞপ্তি : বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন আগ্রহী ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংগঠনের নিকট হতে ইউনেস্কো কর্তৃক ২৪তম 'ইউনেস্কো শান্তি শিক্ষা পুরস্কার-২০০৬'-এ অংশগ্রহণের জন্য আবেদন পত্র আহ্বান করেছে।

শান্তি প্রতিষ্ঠায় গণসচেতনা বৃদ্ধি ও জনগণকে সংগঠিত করার লক্ষ্যে যে কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংগঠনের কৃতিত্বপূর্ণ অবদানকে পুরস্কৃত করাই এই পুরস্কারের উদ্দেশ্য।

আগ্রহী ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংগঠনকে আগামী ৩০ জানুয়ারীর মধ্যে ইউনেস্কোর নির্ধারিত আবেদন পত্র সংগ্রহের জন্য বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন, ব্যানবেইস ভবন (৪র্থ তলা), ১, এশিয়ান হাইওয়ে, পলাশী-নীলক্ষেত, ঢাকা-১২০৫ এই ঠিকানায় অথবা ৮৬২৭৯৬৯ নম্বর টেলিফোনে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হয়েছে।